সংবাদ

তারিখ 27 MAR 2007
পৃষ্ঠা ৯ কলাম ৩

গোলটেবিল বৈঠকে বক্তারা

বই প্রকাশনায় ভর্তুকি দেয়ার আহ্বান

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত এক গোলটেবিল বৈঠকে বক্তারা দেশে প্রকাশনা ও গ্রন্থ উন্নয়নের লক্ষ্যে অবিলম্বে জাতীয় গ্রন্থনীতি বাস্তবায়নসহ বই প্রকাশনায় সরকারি ভর্তুকি দেয়া প্রয়োজন বলে অভিমত দিয়েছেন।

গত শনিবার জাতীয় জাদুঘরের সভাকক্ষে গ্রন্থ উন্নয়নের লক্ষ্যে লেখক ও প্রকাশকদের এ গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। সুধীজন লেখক ও প্রকাশকরা বলেন, গ্রন্থের সঙ্গে যাদের সম্পর্ক তাদের নিয়ে মাঝে মধ্যে আনুষ্ঠানিক, তাছাড়াও আলোচনার উদ্যোগ নেয়া যেতে পারে।

জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত গোলটেবিল আলোচনায় প্রধান অতিথি ছিলেন কথাশিল্পী রাহাত খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি সচিব এবিএম আবদুল হক চৌধুরী ও প্রফেসর সৈয়দ মনজুরুল ইসলাম। সূচনা বক্তব্য দেন অধ্যাপক আবদুল্লাহ আবু সাঈদ। আলোচনায় অংশ নেন আলী ইমাম, মফিদুল হক, রুবাইদা গুলশান আরা, কবি বেলাল চৌধুরী, ওসমান গনি প্রমুখ। গোলটেবিল বৈঠকে মডারেটরের দায়িত্ব পালন করেন ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন গ্রন্থকেন্দ্রের পরিচালক মোহাম্মদ মাহফুজার রহমান সরকার।

অধ্যাপক আবু সাঈদ বলেন, প্রকাশনায় সরকারের 'সাবসিডি' এবং লেখকদের যথাযথ পৃষ্ঠপোষকতা দেয়া দরকার। স্বচ্ছতার অভাবে লেখকরা অনেক সময় বই প্রকাশ করতে গিয়ে বঞ্চনার শিকার হন, এ ব্যাপারে আইনের প্রয়োজন রয়েছে।

আলী ইমাম বলেন, ক্যাসেট এ ব্যাপারে সরকার বেশি মাথা ঘামিয়েছে; কিন্তু বইয়ের ব্যাপারে অবহেলা করেছে।

রুবাইদা গুলশান আরা বলেন, স্কুল লাইব্রেরির ব্যবস্থা করুন। গ্রন্থনীতি সমৃদ্ধ করার জন্য শিশু-কিশোর ও লেখক-পাঠকদের মতামত নেয়া যেতে পারে

আগামী প্রকাশনীর স্বত্বাধিকারী ওসমান গনি বলেন, মহল্লার পাঠাগারকে কেন্দ্র করে সাংস্কৃতিক পরিমণ্ডল গড়ে তোলা যেতে পারে।